ছাত্র ধর্মঘট সফল করার জন্য ছাত্র-শিক্ষক অভিভাবকসহ দেশবাসীকে ছাত্র জোটের অভিনন্দন

২৬ জানুয়ারি '১৮ ছাত্রলীগের সন্ত্রাসী হামলার প্রতিবাদে রাজু ভাস্কর্য চত্বরে প্রগতিশীল ছাত্র জোট আয়োজিত সংহতি সমাবেশে বক্তব্য রাখছেন কমরেড খালেকুজ্জামান

ছাত্রলীগের সন্ত্রাসী হামলাকারীদের গ্রেফতার ও বিচার, সন্ত্রাস, দখলদারিত্বমুক্ত শিক্ষার গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করে ডাকসুসহ সকল শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচন দেয়া, শিক্ষার্থীদের নামে মিথ্যা মামলা প্রত্যাহারসহ ৪ দফা দাবিতে ২৯ জানুয়ারি '১৮ সারাদেশে সর্বাত্মক ছাত্র ধর্মঘট সফল করার জন্য দেশবাসিকে অভিনন্দন জানিয়েছেন প্রগতিশীল ছাত্র জোট। ধর্মঘট শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে প্রগতিশীল ছাত্র জোটের সমন্বয়ক ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি ইমরান হাবিব রুমন মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেন। ১-১৫ ফেব্রুয়ারি ছাত্রলীগের সন্ত্রাসীদের হামলার প্রতিবাদ, সন্ত্রাস দখলদারিত্বমুক্ত শিক্ষার গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করা, ডাকসুসহ ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে 'দাবি পক্ষ' ঘোষণা করা হয়। 'দাবি পক্ষ' কালে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে মিছিল-সমাবেশ এবং জোটের কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে ছাত্রসভা অনুষ্ঠিত হবে। ১৮ ফেব্রুয়ারি দাবি আদায়ে রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি পেশ এবং জেলায় জেলায় ডিসির মাধ্যমে রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি পেশ করা হবে। ১০ ফেব্রুয়ারির মধ্যে তদন্ত কমিটির রিপোর্ট পেশ করা না হলে এবং তদন্ত রিপোর্ট যথাযথ না হলে গণতদন্ত কমিটি গঠনের কর্মসূচি ঘোষণা দেয়া হয়।

সভাপতির বক্তব্যে ধর্মঘট পালনের সময় সারাদেশের জোট নেতৃবৃন্দের উপর হামলার নিন্দা জানিয়ে এবং অবিলম্বে হামলাকারীদের বিচারের দাবি জানান হয়। ধর্মঘট পালনের সময় চট্টগ্রাম নগরের নিউমার্কেট সামনে সমাবেশ চলাকালীন সময়ে ছাত্রলীগের হামলায় সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় সহসভাপতি এবং চট্টগ্রাম নগরের সভাপতি আল কাদেরি জয়, কেন্দ্রীয় শিক্ষা গবেষণা সম্পাদক দীপা মজুমদার, মো. সায়েম, রাজেস্বর দাশ, ছাত্র ইউনিয়নের এনি সেন, খালেদ মিরাজসহ ১০-১২ জন আহত হয়; ছাত্র ফ্রন্ট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক আহসান হাবীবকে ছাত্রলীগের সন্ত্রাসীরা ধরে নিয়ে গিয়ে নির্যাতন করে; শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সমাবেশ চলাকালীন সময়ে ছাত্রলীগ হামলা করে এবং ছাত্র ফ্রন্ট কর্মী জয়দীপ দাসের মাথা ফাটিয়ে দেয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ-যুবলীগের হামলায় ছাত্র ইউনিয়নের মিথুন কুমার মোহন্তসহ বেশ কয়েকজন আহত হয়, দিনাজপুরের ফুলবাড়িতে আহত হয়েছে বিপ্লবী ছাত্র মৈত্রীর আহ্বায়ক রাসেলসহ ৩ জন। এছাড়াও বরিশাল ব্রজমোহন কলেজ, ঢাকার ইডেন কলেজ, কুমিল্লার ভিক্টোরিয়া কলেজে, খুলনা ব্রজলাল কলেজে হামলা ও বাধা দেয়া হয়।

২৯ জানুয়ারি সকাল ৬টা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন গেটে অবস্থান নেয় প্রগতিশীল ছাত্র জোট ও নিপীড়ন বিরোধী শিক্ষার্থীবৃন্দ। দফায় দফায় মিছিল সমাবেশ চলতে থাকে সকাল থেকেই। বেলা ১২টায় মধুর ক্যান্টিন থেকে মিছিল বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে অপরাজেয় বাংলায় সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্রনেতা ইমরান হাবিব রুমন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন, বাংলাদেশ ছাত্র ফেডারেশনের সভাপতি গোলাম মোস্তফা, ছাত্র ফ্রন্টের সভাপতি নাঈমা খালেদ মনিকা, বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক লিটন নন্দী, বিপ্লবী ছাত্র মৈত্রীর সভাপতি ইকবাল কবির, ছাত্র ঐক্য ফোরামের যুগ্ম আহ্বায়ক সরকার আল ইমরান প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন ছাত্র ইউনিয়নের সভাপতি জিএম জিলানী শুভ, ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক নাসির উদ্দিন প্রিন্স, ছাত্র ফেডারেশনের সাধারণ সম্পাদক জাহিদ সুজনসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জোট নেতৃবৃন্দ।

সমাবেশে নেতৃবৃন্দ বলেন, আজ সারাদেশে সফল ধর্মঘটের মাধ্যমে হামলাকারী সন্ত্রাসীদের বিচার এবং সন্ত্রাস-দখলদারিত্বের বিরুদ্ধে গণতান্ত্রিক শিক্ষার পরিবেশ নির্মাণ এবং ডাকসুসহ ছাত্র সংসদ নির্বাচনের দাবির প্রতি সর্বাত্মক সমর্থন স্পষ্ট হয়েছে। নেতৃবৃন্দ ঘোষণা

দেন, সারাদেশে যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপর হামলা-নির্যাতন এবং ছাত্র অধিকার হরণের ঘটনা ঘটলে কেন্দ্রীয় নেতৃবৃন্দ ঐ ক্যাম্পাসে গিয়ে শিক্ষার্থীদের যুক্ত করে প্রতিরোধ আন্দোলনের ঘোষণা দেন।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

শিক্ষাঙ্গনে সন্ত্রাস-দখলদারিত্বের প্রতিবাদে সোচ্চার হওয়ার আহ্বান

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট-এর ৩৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ২৫ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলায় সমাবেশ ও র‍্যালি অনুষ্ঠিত হয়। ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি ইমরান হাবির রুমনের সভাপতিত্বে সাধারণ সম্পাদক নাসির উদ্দিন প্রিন্সের পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রনেতা রাশিব রহমান, শ্যামল বর্মন, রোখসানা আফরোজ আশা, সজল বাড়ৈ, মাসুক হেলাল অনিক, আলমগীর হোসেন সুজন, মুক্তা বাড়ৈ, নবীনা আক্তার, এমএম মুজাহিদ অনিক ও রিয়াজ মাহমুদ প্রমুখ। এছাড়া দেশের বিভিন্ন জেলায়, থানায় ও শিক্ষাপ্রতিষ্ঠানে প্রতিষ্ঠাবার্ষিকী পারিত হয়।

প্রশ্ন ফাঁসের সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি ও ব্যর্থ শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে ছাত্র ফ্রন্টের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

৬ ফেব্রুয়ারি '১৮ সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির উদ্দোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বিক্ষোভ মিছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিন থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় প্রদক্ষিণ করে রাজু ভাস্কর্য, টিএসসি ঘুরে পাবলিক লাইব্রেরিতে এসে সমাবেশ অনুষ্ঠিত হয়। সংগঠনের কেন্দ্রীয় সহসভাপতি আল-কাদেরি জয়ের সভাপতিত্বে বক্তব্য রাখেন ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাসির উদ্দিন প্রিন্স, ছাত্রনেতা রুখশানা আফরোজ আশা, সজল বাড়ৈ, মুক্তা বাড়ৈ, আলমগীর হোসেন সুজন, এম.এ. মুজাহিদ অনিক।

নেতৃবৃন্দ বলেন, দেশে এমন কোন একটি পরীক্ষারও নজির নেই যার প্রশ্নপত্র ফাঁস হয়নি। এনিয়ে শিক্ষামন্ত্রী অনেক কথা বলছেন। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। এই ব্যর্থতার দায় নিয়ে গুরুত্বপূর্ণ এই মন্ত্রণালয়ে তাঁর থাকার কোন নৈতিকতা নেই। ব্যর্থতার দায়নিয়ে অবিলম্বে তার পদত্যাগ করা উচিৎ। একই দাবিতে সারাদেশে ছাত্র ফ্রন্টের উদ্যোগে কর্মসূচি পালিত হয়।

ছাত্র ফ্রন্ট জামালপুর জেলা কমিটি গঠন

ছাত্র ফ্রন্ট জামালপুর জেলা শাখার প্রথম কাউন্সিল ৩১ জানুয়ারি অনুষ্ঠিত হয়। কাউন্সিলে উপস্থিত ছিলেন বাসদ ময়মনসিংহ জেলা ইনচার্জ ইমাম হোসেন খোকন, জামালপুর জেলার সমন্বয়ক বিশ্বজিত দেবনাথ রাজন, ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সদস্য হযরত আলী রাজিব, সৌরভ দাস প্রমুখ। কাউন্সিলে রায়হান আলী রাজকে আহ্বায়ক ও আরিফ মাহমুদকে সদস্য সচিব করে ১১ সদস্যবিশিষ্ট নতুন কমিটি গঠন করা হয়।

নারী নির্যাতন বন্ধ কর, মর্যাদা প্রতিষ্ঠা কর

পুঁজিবাদ-সাম্রাজ্যবাদ-মৌলবাদ রুখে দাঁড়ান; নারীমুক্তির আন্দোলনকে বেগবান করুন

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঢাকার রাজপথে ২৬ জানুয়ারি মহিলা ফোরামের মিছিল

সমাজতান্ত্রিক মহিলা ফোরাম এর ৩৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ২৬ জানুয়ারি '১৮ জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ ও র‌্যালি অনুষ্ঠিত হয়। মহিলা ফোরাম এর কেন্দ্রীয় সহসভাপতি দিপালী রানীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক শম্পা বসুর পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন উপদেষ্টামণ্ডলীর সদস্য সামসুন্নাহার জ্যোৎস্না, সাংগঠনিক সম্পাদক দিলরুবা নূরী, ইসরাত জাহান লিপি ও রুখসানা আফরোজ আশা। এছাড়াও দেশের বিভিন্ন জেলায় প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।

কমরেড হুমায়ুন কবীর ও কমরেড ভাস্কর

লাল সালাম

বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান এক বিবৃতিতে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখার সাবেক সভাপতি ও কেন্দ্রীয় কমিটির পূর্ণ সদস্য কানাডা প্রবাসী প্রকৌশলী কমরেড হুমায়ুন কবীর ও রংপুরের পীরগাছা উপজেলা বাসদ সংগঠক কমরেড ভাস্করের মৃত্যুতে গভীর শোক ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। হুমায়ুন কবীর গত ৫ ফেব্রুয়ারি রাত ২টায় ও কমরেড ভাস্কর ২৯ জানুয়ারি '১৮ মস্তিস্কের রক্তক্ষরণে মৃত্যুবরণ করেন।

বিবৃতিতে খালেকুজ্জামান বলেন, এই দুজন কমরেডই ছিলেন আমৃত্যু সমাজতন্ত্রে বিশ্বাসী মানুষ। তাদের মৃত্যুতে বাংলাদেশের শ্রমজীবী মানুষ অকৃত্রিম বন্ধুদ্বয়কে হারিয়েছে। হুমায়ুন কবীর দীর্ঘদিন ধরে দুরারোগ্য ব্যাধি ক্যান্সারে ভুগছিলেন।

আর ভাস্কর ছিলেন আমৃত্যু বাসদ রাজনীতির একজন সক্রিয় কর্মী। কমরেড খালেকুজ্জামান উভয় কমরেডের সংগ্রামী জীবনের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।